

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭১৯

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই হাদীস প্রমাণ করে যে, ফর্য সালাত ফর্য জিহাদ অপেক্ষা উত্তম

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ الصَّلَاةَ الْفَرِيضَةَ أَفْضَلُ مِنَ الْجِهَادِ الْفَرِيضَةِ

আরবী

1719 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدِ بْنِ بُجَيْرِ الْهَمْدَانِيُّ حدثنا أبو الطاهر ابن السَّرْحِ حَدَّنَا ابْنُ وَهْبٍ أَخْبَرَنِي حُيَيُّ بْنُ عَبْدِ اللَّهِ عَنْ أَبِي عَبْدِ الرَّحْمَنِ الْحُبُلِيِّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو ابْنُ وَهْبٍ أَخْبَرَنِي حُيَيُّ بْنُ عَبْدِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَسَأَلَهُ عَنْ أَفْضَلِ الْأَعْمَالِ قَالَ: أَنَّ رَجُلًا جَاءَ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (الصَّلَاةُ) قَالَ: ثُمَّ مَهْ؟ قَالَ: (ثُمَّ الصَّلَاةُ) قَالَ: ثُمَّ مَهْ؟ قَالَ: (ثُمَّ الْجِهَادُ فِي سَبِيلِ اللَّهِ) قَالَ: فَإِنَّ لِي (ثُمَّ المَعْلَدَةُ) ثَلَاثَ مَرَّاتٍ قَالَ: ثُمَّ مَهْ؟ قَالَ: (ثُمَّ الْجِهَادُ فِي سَبِيلِ اللَّهِ) قَالَ: فَإِنَّ لِي وَالِدَيْنِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَمُرُكَ بِوَالِدَيْكَ خَيْرًا) فَقَالَ: وَالَّذِي وَالِدَيْنِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَمُرُكَ بِوَالِدَيْكَ خَيْرًا) فَقَالَ: وَالَّذِي وَالِدَيْنِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم: (فأنت بَعَثَكَ نَبِيًّا لَأُجَاهِدَنَّ ولأتركنَّهما) قَالَ: فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم: (فأنت أعلَى)

الراوي: عَبْد اللَّهِ بْن عَمْرِو | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1719 | خلاصة حكم المحدث: منكر ـ ((الضعيفة)) (5819).

বাংলা

১৭১৯. আব্দুল্লাহ বিন আমর রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে আসেন এবং তাকে সর্বোত্তম আমল সম্পর্কে জিজ্ঞেস করেন। রাবী বলেন, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "(সর্বোত্তম আমল হলো) সালাত।" তারপর সেই ব্যক্তি আবার বলেন, "তারপর কোনটি?" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "তারপর সালাত।"লোকটি আবার বলেন, "তারপর কোনটি?" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "তারপর সালাত।" এভাবে তিনবার বলেন। তারপরও সে লোকটি বলেন, "তারপর কোনটি?" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "তারপর আল্লাহর রাস্তায় জিহাদ।" সেই ব্যক্তি বলেন, "নিশ্চয়ই আমার বাবা–মা বেঁচে আছেন।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম



বলেন, "তুমি তোমাকে তাদের সাথে ভাল ব্যবহার করার আদেশ দিচ্ছি।" তখন লোকটি বলেন, "ঐ সন্তার কসম, যিনি আপনাকে নাবী করে পাঠিয়েছেন, অবশ্যই আমি তাদেরকে পরিত্যাগ করে জিহাদ করবো।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "সেটা তুমিই ভালো জানো।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/১৭২; হাইসামী, মাজমা'উয যাওয়াইদ: ১/৩০১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে মুনকার বা যঈফ বলেছেন। (আয য'ঈফা: ৫৮১৯)

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন